শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব ১০০

জেনারেল ম্যানেজারের কার্যালয়
নওহাটা, রাজশাহী।
ফোন- ৮৮-০২৪৭-৮০০১২০
E-mail- rajpbshq@gmail.com
Web- www. pbs.rajshahi.gov.bd

# রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

RAJSHAHI PALLI BIDYUT SAMITY

ISO 9001:2015 CERTIFIED

স্মারক নং- ২৭.১২.৮১৭২.৫৪৯.০৭.০২৩.২৩. ৪১৬৫

তারিখঃ ১৬ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
০১ নভেম্বর,২০২৩ খ্রিস্টাব্দ

মেসার্স...........................................
.....................................................
.....................................................

**বিষয়ঃ মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের প্রশিক্ষণ কর্মসূচী প্রসঙ্গে।**

সূত্রঃ ১) বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.০২৯.৭২.৮৫২.২৩.১৩৪৯, তারিখ- ২২/০৫/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র সমিতির সদর দপ্তরের প্রশিক্ষণ রুমে আগামী ১৫/১১/২০২৩খ্রিঃ হতে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের (সুপারভাইজার/লাইনম্যান) "পবিস বিতরণ লাইন নির্মাণ (টিসি-২৪০)" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়ছে। নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে আগ্রহী মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান সমুহকে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনসহ মনোনীত সুপারভাইজার ও লাইনম্যান-কে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ-**

০১। ক্লাইম্বিং কাজে অসামর্থ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবেন।

০২। প্রত্যেক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/নগদ "রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে আগামী ১২/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।

০৩। প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রেরিত ফরম নং- প্রপফ-০২৯-০০১, ভার্সন-২, তারিখঃ ২৬/১১/২০১৩ খ্রিঃ "Trainee's Personal Data Form" আয়োজনকারী পবিস হতে সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে আগামী ০৮/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে রাজশাহী পবিস এ জমা প্রদান করতে হবে।

০৪। প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠানের সত্বাধিকারী কর্তৃক পাসপোর্ট সাইজের তিন কপি এবং ষ্ট্যাম্প সাইজের এক কপি রঙ্গিন ছবি ও "Trainee's Personal Data Form" এর সঙ্গে জমা দিতে হবে।

০৫। প্রশিক্ষণে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারীরিক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহ পূর্বক জমা প্রদান করতে হবে।

০৬। অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানকে বাপবিবোর্ড কর্তৃক তালিকা ভুক্তির অনুমোদন পত্র জমা দিতে হবে।

০৭। সুপারভাইজার পদে প্রশিক্ষণের জন্য ন্যুনতম যোগ্যতা এইচএসসি পাশ অথবা যে কোন বিভাগে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশের সনদ এর মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।

০৮। লাইনম্যান পদে প্রশিক্ষণের জন্য ন্যুনতম যোগ্যতা অষ্টম শ্রেনী অথবা জেএসসি পাশের সনদের মূল ও সত্যায়িত কপি আনতে হবে।

০৯। প্রশিক্ষণার্থীকে ডিজিটাল জন্ম সনদের মূল ও সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ আনতে হবে।

১০। প্রশিক্ষণার্থীকে জাতীয় পরিচয় পত্রের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে (যদি থাকে)।

১১। প্রশিক্ষণার্থীর বয়স কোর্স শুরুর ১৫/১১/২০২৩ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর হতে হবে।

১২। কোন প্রশিক্ষণার্থী একাধিক প্রতিষ্ঠানে কিংবা একই প্রতিষ্ঠানের একাধিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।

১৩। প্রশিক্ষণার্থীর আবেদনপত্রের ক্রমিক নং-০৪ এ উল্লেখিত সাইজের ছবি এঁটে দিয়ে এমনভাবে কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠানের গোল সীল মারতে হবে যাতে সীলের ছাপের অর্ধেক অংশ আবেদন পত্রের উপর এবং অবশিষ্ট অংশ ছবির উপরের কর্ণারে থাকে। একই প্রক্রিয়ায় কোর্সের সমন্বয়কারী ছবির নিচে কর্ণারে তার নাম যুক্ত সীল প্রদান করবেন। এক্ষেত্রে স্বাক্ষর ও সীলে ছাপের অর্ধেক অংশ আবেদনপত্রের উপর এবং অবশিষ্ট অর্ধেক অংশ ছবির নীচের কর্ণারে থাকে।



CamScanner

১৪। কাঠের ও এসপিসি পোলে আরোহণ এবং অনুশীলনের জন্য বুট জুতা ও ক্লাইম্বার সেট সহ কোর্স শুরুর দিন সকাল ০৯.০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীকে নির্ধারিত প্রশিক্ষণ স্থলে উপস্থিত থাকতে হবে।

১৫। কোন প্রশিক্ষণার্থী একাধিক পদে প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করতে পারবে না। তবে এইচএসসি অথবা সমমান পরীক্ষায় পাস এবং লাইনম্যান পদে কৃতকার্য হলে সুপারভাইজার পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। সুপারাভাইজার হিসেবে কৃতকার্য হলে লাইনম্যান হিসেবে প্রাপ্ত সনদ বাপবিবোর্ডে ফেরত দিতে হবে। তথ্য গোপনকারী প্রশিক্ষণার্থীর সনদ বাতিল করা সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। প্রশিক্ষণে অংশগ্রহণকারী লোকবলের থাকা খাওয়া সংক্রান্ত যাবতীয় ব্যবস্থাপনা সহ সমস্ত ব্যয়ভার সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এ ব্যপারে পবিস/বাপবিবোর্ড কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীর কোন প্রকার দূর্ঘটনা ঘটলে প্রশিক্ষণ কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠান কোন দায়-দায়িত্ব বহন করবেন না।

১৮। আগামী ০৮/১১/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অত্র অফিসে যাবতীয় ডকুমেন্টসহ ফাইল জমা প্রদান করতে হবে।

১৯। প্রশিক্ষণ শুরুর প্রথম দিন মূল কাগজপত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

২০। উপরে উল্লেখিত শর্তাবলী ছাড়াও নতুন কোন সমস্যার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(রমেন্দ্র চন্দ্র রায়)
জেনারেল ম্যানেজার
মোবা: ০১৭৬৯৪০০০৬৮

অনুলিপিঃ (সদয় অবগতির নিমিত্তে, জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
৩. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................................ পবিস-১/২/৩/৪।
৪. একান্ত সচবি, সদস্য (পিএন্ডডি/ডিএন্ডও), বাপবিবো, ঢাকা ।
৫. ডেপুটি জেনারেল ম্যানেজার, (কারিগরী-সদর/দূর্গাপুর/মোহনপুর/কাকনহাট/তানোর ), জোনাল অফিস,রাজশাহী পবিস।
৬. এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি), জোনাল অফিস, রাজশাহী পবিস।
৭. এজিএম (অর্থ-হিসাব/প্রশাসন), রাজশাহী পবিস।
৮. নোটিশ বোর্ড/ওয়েব সাইট, রাজশাহী পবিস।
৯. অফিস/মাষ্টার কপি।

(রমেন্দ্র চন্দ্র রায়)
জেনারেল ম্যানেজার



CamScanner